দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 NOV 2017
১৫ কলাম ৭

# আগৈলঝাড়ায় অতিরিক্ত অর্থ নিয়ে এসএসসির ফরম পূরণ

■ আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা

বরিশাল শিক্ষা বোর্ডের আগৈলঝাড়া উপজেলার অধিকাংশ স্কুলে বোর্ড নির্ধারিত ফি'র চেয়ে অতিরিক্ত ফি আদায় করে চলছে ২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণ। অতিরিক্ত অর্থ আদায়ের ঘটনায় এলাকার কৃষি প্রধান দরিদ্র এলাকার অভিভাবকদের মাঝে চরম ক্ষোভ দেখা দিলেও স্কুল কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট প্রশাসন নিরব।

উপজেলার স্কুলগুলোতে বোর্ডের নির্দেশ অমান্য করে কোচিং ফি ধরা হয়েছে ৫'শ থেকে ১ হাজার টাকা, কোচিং চলাকালীন বেতন ৩'শ টাকা, স্কুল উন্নয়ন ফি ২'শ টাকা, সেশন ফি ১'শ ২৫ টাকা, মিলাদ ১'শ টাকা, ব্যবহারিক ৫০ টাকা, কেন্দ্র ফি ৩'শ টাকা, পরীক্ষার সময় কেন্দ্রে শিক্ষকদের যাতায়াত ফি ১'শ টাকা, স্কুলের চতুর্থ শ্রেণির কর্মচারীদের জন্য ৫০ টাকা, বিদ্যুৎ বিল ১'শ টাকা, ক্রীড়া ফি ২'শ টাকা ও অনলাইন ফি বাবদ ১'শ টাকাসহ পরীক্ষার্থীদের স্কুলের বকেয়া বেতন ও টেস্ট পরীক্ষায় অকৃতকার্য হওয়া প্রতিটি বিষয়ে ২'শ থেকে ৫'শ টাকা পর্যন্ত ধার্য করে আরও ২ হাজার টাকার উপরে যোগ করা হয়েছে। এরপর পরীক্ষার আগ মুহূর্তে প্রবেশপত্র বিতরণের নামে হাতিয়ে নেওয়া হবে আরও মোটা অঙ্কের অর্থ।

সূত্রমতে, উপবৃত্তি পাওয়া শিক্ষার্থীদের স্কুলের বেতন ফ্রি হওয়ার নিয়ম থাকলেও তা মানছে না স্কুলগুলো। এমনকি টেস্ট পরীক্ষায় প্রতিটি বিষয়ে কৃতকার্য হওয়া পরীক্ষার্থীদের জন্যও ৩ হাজার টাকার উপরে ধার্য করেছেন প্রতিষ্ঠান প্রধানরা।

শিক্ষা কর্মকর্তা মো. নজরুল ইসলাম জানান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মিটিং করে নির্ধারিত বোর্ড ফি নিয়ে ফরম পূরণ করতে বলা হয়েছে। এক বিষয়ে অকৃতকার্যদের জন্য ১'শ ১০ টাকার বেশি নেওয়া যাবে না। কয়েকটি স্কুলের বিরুদ্ধে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নেওয়ার কথা জানান তিনি।